সক্ষমতা ও বিপদাপন্নতা প্রতিবেদন

Participatory Vulnerability and Capacity Assessment



(কমিউনিটি ভিত্তিক
Community Based)

তালা ও মোড়েলগঞ্জ
Tala and Morelgonj

UTTARAN

সক্ষমতা ও বিপদাপন্নতা প্রতিবেদন
Participatory Vulnerability and Capacity Assessment

(কমিউনিটি ভিত্তিক
Community Based)

তালা ও মোড়েলগঞ্জ
Tala and Morelgonj

UTTARAN

উত্তরণ
৪২, সাতমসজিদ রোড, (চতুর্থ তলা)
ধানমন্ডি, ঢাকা - ১২০৯

UTTARAN
42, Satmasjid Road, (3rd floor)
Dhanmondi, Dhaka-1209
Phone: +88029122302
Mobile: +8801711828305
Email: uttran.dhaka@gmail.com

প্রতিবেদনের সময় ঃ
নভেম্বর ২০০৮ – অক্টোবর ২০০৯

Reporting Time:
November 2008 –October 2009

সম্পাদনা	**Editing**
শহিদুল ইসলাম	Shahidul Islam
কৃতজ্ঞতা	**Gratitude**
সাব্বির বিন শামস্	Sabbir Bin Shams
সংক্ষেপ ও সংকলন	**Summary & Compilation**
হাবিবা সুলতানা	Habiba Sultana
অনুবাদ ও সংকলন	**Translation & Compilation**
তানিম আহমেদ	Tanim Ahmed
বই নকশা	**Book Design**
তমাল বড়াল	Tamal Baral
তথ্য সংগ্রহ	**Data Collection**
ফাতিমা হালিমা আহমেদ	Fatima Halima Ahmed
ওবায়দুল হক পলাশ	Obidul Haque Polash
সুধাংশু কুমার সরকার	Sudhangshu Kumar Sarkar
মোঃ হাফিজুর রহমান	Md. Hafigur Rahman

সুচীপত্র

সারসংক্ষেপ	০৭
সক্ষমতা ও বিপদাপন্নতা প্রতিবেদন	১১
১. সূচনা ঃ	১১
২. গবেষণা পদ্ধতি ঃ	১৩
৩. তথ্যদাতাদের পরিচিতি ঃ	১৪
টেবিল - ১: তথ্যদাতাদের পরিচিতি ঃ	১৪
৪. প্রেক্ষাপট ঃ	১৫
৪.১ ১৯৬০ সনের উপকূলীয় বেষ্টনী	১৫
৪.২ নদীর গতিমুখ পরিবর্তন ঃ	১৫
৪.৩ অপরিকল্পিতভাবে ভূ-গর্ভস্থ পানি উত্তোলন ঃ	১৫
৪.৪ জলবায়ুর পরিবর্তন ঃ	১৬
৫. ঝুঁকি সংক্রান্ত নীতিমালা ঃ	১৮
৬. বিপদাপন্নতা পর্যালোচনা ঃ	১৯
৭. উপকূলীয় এলাকার বিপদাপন্নতা	২১
৭.১ প্রাকৃতিক দূর্যোগ সম্পর্কিত বিপদাপন্নতাঃ	২১
৭.১.১. জলাবদ্ধতা ঃ	২১
৭.১.২. পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ডুবে যাওয়া ঃ	২১
টেবিল - ২ : দূর্যোগজনিত বিপদাপন্নতা ঃ	২১
৭.২. অবকাঠামোর ব্যবস্থার স্বল্পতা জনিত বিপদাপন্নতা ঃ	২১
৭.২.১. অপর্যাপ্ত সেবা ঃ	২১
৭.২.২.দূর্যোগকালীন সতর্কীকরন ব্যবস্থা এবং দুর্যোগ ব্যবস্থাপনার স্বল্পতা ঃ	২২
টেবিল - ৩ : অবকাঠামোগত কারণজনিত বিপদাপন্নতা ঃ	২২
৭.২.৩ লবনাক্ত পানিতে চিংড়ী চাষ ঃ	২২
টেবিল - ৪ : পরিবেশ সংক্রান্ত কারণ জনিত বিপদাপন্নতা ঃ	২৩
৭.২.৪ আর্সেনিক আক্রান্ত নলকূপ ঃ	২৩
৭.৩. কাঠামোগত ঝুঁকি ঃ	২৩
৭.৩.১ ভূমিহীনতা ঃ	২৩
৭.৩.২ বাজার ব্যবস্থা ঃ	২৩
টেবিল - ৫ : কাঠামোগত কারণ জনিত বিপদাপন্নতা ঃ	২৩
৭.৩.৩ কর্মসংস্থানের অভাব ঃ	২৪
৭.৩.৪ দারিদ্র্য ঃ	২৪
৭.৩.৫ খাদ্যাভাব ঃ	২৪
৭.৩.৬ উঁচু বাড়িঘর তৈরী করতে পারার অক্ষমতা ঃ	২৪
৭.৩.৭ অপ্রতুল সঞ্চয় ঃ	২৪

৮. লিঙ্গ বৈষম্য ঃ ৩০
৯. সক্ষমতা পর্যালোচনা ঃ ৩২
৯.১. সেবাসমূহের সহজলভ্যতা ঃ ৩২
টেবিল - ৬ : সেবার সহজলভ্যতাজনিত সক্ষমতা ঃ ৩২
৯.২. সামাজিক সম্প্রীতি ঃ ৩২
টেবিল - ৭ : সামাজিক পুঁজি সক্রান্ত সক্ষমতা ঃ ৩৩
৯.৩. বস্তুগত সম্পদ ঃ ৩৩
৯.৪. পরিবেশ ঃ ৩৩
টেবিল - ৮ : জমি এবং পরিবেশ সংক্রান্ত সক্ষমতাঃ ৩৩
৯.৫. আচার ও সংস্কৃতি ঃ ৩৪
টেবিল - ৯ : সংস্কৃতি ও আচারণ সংক্রান্ত সমতা ঃ ৩৪
১০.উপসংহার ঃ ৩৮

টেবিল সমূহ

টেবিল - ১: তথ্যদাতাদের পরিচিতি ঃ ৮
টেবিল - ২ : দুর্যোগজনিত বিপদাপন্নতা ঃ ১১
টেবিল - ৩ : অবকাঠামোগত কারণজনিত বিপদাপন্নতা ঃ ১২
টেবিল - ৪ : পরিবেশ সংক্রান্ত কারণ জনিত বিপদাপন্নতা ঃ ১৩
টেবিল - ৫ : কাঠামোগত কারণ জনিত বিপদাপন্নতা ঃ ১৪
টেবিল - ৬ : সেবার সহজলভ্যতাজনিত সক্ষমতা ঃ ১৬
টেবিল - ৭ : সামাজিক পুঁজি সংক্রান্ত সক্ষমতা ঃ ১৭
টেবিল - ৮ : জমি এবং পরিবেশ সংক্রান্ত সক্ষমতা ঃ ১৭
টেবিল - ৯ : সংস্কৃতি ও আচারণ সংক্রান্ত সমতা ঃ ৩৪

ফিগার সমূহ

ফিগার ১ ঃ বিপদাপন্নতা ২০

Contents

Executive Summary	9
Participatory Vulnerability and Capacity Assessment	11
1. Introduction	11
2. The Research	13
3. Profile of the Respondents	14
4. Disasters and Hazards: the context	16
4.1. The Coastal Embankment of the 1960s	16
4.2. Changes in the itinerary of rivers	17
4.3. Excessive use of Underground water in an unplanned way	17
4.4. Climate Change	17
5. The Policies	18
6. Vulnerability Analysis	20
7. Vulnerabilities in the coastal region	25
7.1. Vulnerability caused by disasters and hazards	25
7.1.1. Water logging	25
7.1.2. Inundated Latrines	25
7.2. Vulnerability due to Infrastructural Factors	26
7.2.1. Lack of access to services	26
7.2.2. Lack of information dissemination and disaster management	27
7.2.3. Saline water Shrimp cultivation (Salinity)	28
7.2.4. Arsenic contamination	28
7.3. Structural Vulnerabilities	28
7.3.1. Landlessness	28
7.3.2. Unable to get proper price of yield	28
7.3.3. Lack of employment	20
7.3.4. Poverty	29
7.3.5. Food and fodder crisis	29
7.3.6. Unaffordable high houses	29
7.3.7. Lack of savings	30
8. Gender Issues	31

9. Capacity analysis 35
9.1. Access to Services 35
9.2. Social Capital 35
9.3. Material Resources 36
9.4. Land and Ecology 36
9.5. Culture and Practice 37
10. Culture and Practice 38

List of Tables

Table 1: Profile of the Respondents 15
Table 2: Vulnerability caused by disaster and hazards 26
Table 3: Vulnerability caused by infrastructural factors 27
Table 4: Vulnerability caused by natural and ecological features 27
Table 5: Structural Vulnerabilities 28
Table 6: Capacity from access to services 35
Table 7: Capacity from social capital and material resources 36
Table 8: Capacity from land and ecology 36
Table 9: Culture and Practice 37

List of Figures

Figure 1: Vulnerability Cycle 20

সার সংক্ষেপ

১. ভূমিকা

দক্ষিন-পশ্চিম উপকূলীয় এলাকায় সাতক্ষীরা ও বাগেরহাট জেলার অবস্থান। বাংলাদেশের ম্যানগ্রোভ বন সুন্দরবন এই অঞ্চলের দক্ষিনে অবস্থিত। এ এলাকার পরিবেশ ও ইকোসিস্টেম বাংলাদেশের অন্যান্য উপকূল থেকে আলাদা। উর্বরা কৃষিজমি, জলাভূমি, নদী, বনভূমি এবং অনুকূল জলাবায়ুকে কেন্দ্র করে অত্র এলাকার অধিবাসীদের জীবিকা ও জীবন যাপন নির্বাহ হয়। কিন্তু প্রাকৃতিক বিপর্যয় এবং তথাকথিত মানবসৃষ্ট উন্নয়নমূলক কর্মকান্ডের দরুণ এখানকার প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ বিপর্যয়ের সম্মুখীন হয়েছে।

বিগত শতাব্দীর ষাটের দশকে প্রবর্তিত পোল্ডার ব্যবস্থার পর থেকে প্রাকৃতিক বিপর্যয় সমূহ দৃশ্যমান হয়ে উঠে। এর সাথে সাম্প্রতিক সময়ে আলোড়িত জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা যুক্ত হয়ে বিপদাপন্নতার পরিস্থিতি উচ্চমাত্রায় উপনীত হয়েছে। বিশেষজ্ঞদের আশংকা কোন কার্যকরী পদক্ষেপ গৃহীত না হলে অচিরেই এ এলাকা মনুষ্যবাসের অনুপযোগী হয়ে পড়বে।

২.বিপদাপন্নতা

বিগত শতাব্দীতে পরিবেশ বিপর্যয় শুরু হলেও তা সহনশীলতার মাত্রা অতিক্রম করতে থাকে ১৯৮৮ সাল থেকে এবং ২০০০ সাল থেকে তা নিয়মিত হয়ে দাঁড়ায় যা আর্থ-সামাজিক সকল সেক্টরই এর দ্বারা সরাসরি ক্ষতিগ্রস্থ হচ্ছে।

জীবন -জীবিকার ঝুঁকি সমূহ

- ফসল ও মাছের ক্ষেত পানিতে নিমগ্ন হওয়া।
- আংশিক বা সম্পূর্ণ বাড়ী ঘরে পানি উঠা।
- সুপেয় পানি ও পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা ভেংগে পড়া।
- বসতি এলাকার গাছপালা ও পশুসম্পদের ক্ষতি হওয়া।
- রাস্তাঘাট প্লাবিত হওয়া।
- ক্রমাগত লবণাক্ততা বৃদ্ধি।
- সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান সমূহ ক্ষতিগ্রস্থ হওয়া।

৩. বিপদাপন্নতার কারণ

বর্ণিত এলাকা উপকূলীয় অঞ্চল হওয়ায় উপকূলীয় দুর্যোগ দ্বারা আক্রান্ত হয়। বিশেষ করে গ্রীস্মকালীন ঘূর্ণিঝড় এবং বর্ষাকালীন নিম্নচাপ জনিত ঘূর্ণিঝড় ও ঘূর্ণিঝড় সৃষ্ট জলোচ্ছাস দ্বারা স্বাভাবিকভাবে এলাকার জন জীবন ক্ষতিগ্রস্থ হয়ে থাকে। সাম্প্রতিক কালের জলবায়ু পরিবর্তন জনিত কারনে এর তীব্রতা অসহনীয় পর্যায়ে বৃদ্ধি পেয়েছে যার উৎকৃষ্ট উদাহরণ হলো সিডর এবং আইলা। সাতক্ষীরা জেলায় বিশেষ করে তালা উপজেলার মূল সমস্যা হলো জলাবদ্ধতা যা সম্প্রসারণ ও তীব্রতা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। জলবায়ু পরিবর্তন জনিত কারণে বিশেষ করে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির জন্য এলাকার জোয়ারের উচ্চতা বৃদ্ধি পেয়েছে। উজান প্রবাহ হ্রাস, চিংড়ী চাষ ও সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি প্রভৃতি কারণে বৃদ্ধি পাচ্ছে লবণাক্ততা।

৪. জীবন যাপনের অবস্থা

এলাকার মানুষকে প্রতিবছর জুলাই থেকে ডিসেম্বর অর্থাৎ ৪-৬ মাস দুর্যোগের মধ্যে বসবাস করতে হয়। এ সময় কর্মসংস্থানের তীব্র সংকট দেখা দেয় এবং বসতি এলাকাতেও স্বাভাবিক চলাচল ব্যাহত হয়। মানুষের যা কিছু সম্পদ থাকে তা বিক্রি করে এবং চড়া সুদে ঋণ গ্রহণ বা আগাম শ্রম বিক্রি করতে বাধ্য হয়। এসময়ে এলাকায় ত্রান সহায়তা নিতান্তই অপ্রতুল। অধিবাসীদের একটি অংশ বিশেষ করে দরিদ্র শ্রেণী যারা বাধ্য হয় স্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠানে আশ্রয় গ্রহণ করতে। এলাকার মানুষ প্রত্যহ ১ বা ২বার আধাপেটা খেয়ে কোন রকম ভাবে জীবন যাপন করে। সব থেকে মারাত্মক অবস্থার সম্মুখীন হয় প্রতিবন্ধী, নারী, শিশু ও বৃদ্ধ, দুঃস্থ ও অন্ত্যজ জনগোষ্ঠী।

৫. সক্ষমতা

পরিস্থিতির তীব্রতা মোকাবেলায় যে ধরণের প্রস্তুতি প্রয়োজন তা নিতান্তই অপ্রতুল। বিশেষ করে যথেষ্ট জন সচেতনতা আগাম সতর্ককরণ ব্যবস্থা এবং সমন্বয়জনিত সমস্যার কারণে পরিস্থিতি সহনীয় পর্যায়ে উন্নতি করা সম্ভব হয়নি। তবে বিভিন্ন স্থানে পরিস্থিতির সংগে খাপ খাওয়ানোর জন্য মানুষ কিছু ব্যবস্থা গ্রহণ শুরু করেছে যার মধ্যে উল্লেখযোগ্য হলো জলাবদ্ধ বিলকে মাছ চাষের ঘেরে পরিণত করা, বসতভিটা উঁচু করা, বহনযোগ্য চুলা তৈরী প্রভৃতি।

এলাকার মানুষদের মধ্যে সামাজিক সম্প্রীতির বন্ধন যথেষ্ঠ মজবুত। মানুষ এখন পরিবেশ বান্ধব আচরণ সম্পর্কে সচেতন হতে চলেছে। নারী-শিশু প্রতিবন্ধী দুঃস্থ মানুষদের প্রতি মানুষ সহানুভূতিশীল। আশ্রয় গ্রহণের জন্য এলাকায় সরকারী-রেসরকারী অনেক প্রতিষ্ঠান আছে। তৃণমূল পর্যায়ে স্বাস্থকর্মী, কৃষিকর্মী এবং স্থানীয় পরিষদ আছে। যথেষ্ট পর্যায়ে রেডিও টেলিভিশন রয়েছে। বেসরকারী বিভিন্ন উন্নয়নমূলক সংগঠন এলাকার ঐ সময় পরিস্থিতি মোকাবেলায় এলাকার সুশীল সমাজ উদ্যোগী ভূমিকা গ্রহণ করে। এলাকার কৃষি ভূমি যথেষ্ট উর্বর যেখানে দুর্যোগ পরবর্তীকালীন ফসলাদির চাষাবাদ করা সম্ভব।

৬. এলাকাবাসীর প্রত্যাশা

নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণ করা হলে এলাকাবাসী মনে করে এলাকার দুর্যোগ সহনীয় মাত্রায় প্রশমন করা সম্ভব হবে।

- জলাবদ্ধ এলাকার পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ।
- বন্যা নিরোধী গ্রাম প্রতিরক্ষা বাঁধ।
- বসতি উঁচু করণ।
- নলকূপ ও ল্যাট্রিন উঁচু স্থানে স্থাপন।
- প্রয়োজনীয় আশ্রয় কেন্দ্র নির্মান।
- কুটির শিল্পে সহায়তাসহ বিকল্প কর্মসংস্থান।
- চলাচলের রাস্তা উঁচু করণ।
- আশ্রয় সতর্কীকরণ ব্যবস্থা জোরদার করা।
- খাস জমি বিতরণ ও পর্যাপ্ত ত্রাণের ব্যবস্থা করা।

মানুষের স্বাভাবিক প্রবনতা হলো দুর্যোগের সাথে খাপ খাওয়ানোর ব্যবস্থা গ্রহণ করা। এলাকার ও জাতীয় যে সব ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে খুব দ্রুত তার বিস্তার হওয়া প্রয়োজন। প্রয়োজন বিভিন্ন মহলের মধ্যে কার্যকরী সমন্বয় এবং জনগণকে যথেষ্ট মাত্রায় সচেতন করা।

Executive Summary

This report analyses the vulnerability and capabilities of Bangladesh's coastal peoples. Based on a research carried out in 86 villages of Bagerhat and Satkhira, the study sketches different types of disasters arising out of manmade and natural forces. It points out the vulnerabilities associated with those disasters. In doing so, the capacity of the stakeholders and their ability to minimize the effects of disasters and hazards have also been focused upon.

Situated at the mouth of three rivers, Satkhira and Bagerhat offer a rich habitat for a variety of organisms. The livelihoods of people, to a large extent depend on natural resources. Agriculture, fishing, timber collection has traditionally been the source of livelihoods for the common man. Yet, depletion of resources due to excessive exploitation and unplanned development projects coupled with frequent natural disasters causes serious vulnerability. As paddy fields and pastures are gradually converted into shrimp farms, soil salinity increases significantly leading to a loss of soil fertility and agricultural productivity. Whereas water logging created by the coastal embankment project, inundated vast tracts of land, changes in the course of rivers have reduced the flow of fresh water reducing the stock of fish and thereby threatening the source of livelihood for the fishing communities. As sea level rises due to climate change and groundwater level recedes due to excessive use, the crisis of fresh water is going to increase in near future. Furthermore, natural disasters such as cyclones, tidal surge, riverbank erosion and floods pose serious threats to people as communication is severed, villages are submerged, lands are inundated, sanitation collapses, educational institutions are shut down and health care becomes scarce. Vulnerabilities not only arise out of disasters, but can also crop up from lack of access to services. Inadequate disaster management support, insufficient service from hospitals, power development board, union council, agriculture offices, lack of warning system coupled with the scarcity of arsenic free drinking water act as infrastructural barriers giving rise to vulnerability. Alongside, structural factors can also hinder people's coping mechanisms. Landlessness, imperfect market condition, poverty, inability to construct houses on raised platforms and lack of savings also act as sources of vulnerability. The magnitude of vulnerability, however, has an asymmetric effect. Whereas men can afford to migrate and undertake alternative sources of livelihood options to mitigate their vulnerability, women, because of their reproductive labor can hardly afford to do so. Moreover, as natural resources become scarce, the burden of adjustment falls heavier on women than on men. Women often have to travel long distances to fetch pure drinking water. Moreover, child marriage, dowry, social confinement, desertion, lack of voice in public sphere and lack of authority over their

own property and assets, lower wages and lack of education put them into a disadvantaged position. As frequency of disasters increase and lack of program and policy support continue to persist, women's vulnerability is worsened because of the lack of their security and exposure to assault and harassment.

As vulnerabilities increase, capacities of different modalities help people cope with hazards. Access to services which include availability of boats during flood, presence of NGO supported disaster management committees, awareness of child nutrition, immunization of women and children, availability of fertile land were reported as capacities. Pro-environmental behavior and practice such as reforestation and non-pollutant activities help protect environmental assets. Furthermore, it is the social capital which acts as the most important capacity. In the absence of support and services from government and non government sources, mutual cooperation, sensitivity and networks turn out to be the most valuable source of support. The key challenge for the people however lies with the fact that, policy support in terms of addressing salinity and ensuring pure drinking water does not go hand in hand with initiatives undertaken at the grass root level.

সক্ষমতা ও বিপদাপন্নতা প্রতিবেদন
Participatory Vulnerability and Capacity Assessment

১. সূচনা ঃ

বাংলাদেশের উপকূলীয় জেলা সাতক্ষীরা এবং বাগেরহাট জীববৈচিত্রে সমৃদ্ধ। এই অঞ্চলে রয়েছে পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি। এ অঞ্চলের মানুষ তাদের জীবন ও জীবিকার জন্য এখানকার প্রাকৃতিক সম্পদের উপরই নির্ভর করে। উর্বর কৃষি জমি, নদী, জলাশয়ের মাছ এবং বনভূমি নির্ভর জীবিকা এ অঞ্চলের মানুষের আয়ের প্রধান উৎস। কিন্তু, ক্রমবর্ধমান জনসংখ্যা এবং সেই সাথে বিভিন্ন অপরিকল্পিত উন্নয়ন প্রকল্প ক্রমাগত প্রাকৃতিক সম্পদের উপর চাপ সৃষ্টি করছে। যার ফলে একদিকে যেমন মানুষের জীবিকা হুমকির মুখে পড়ছে, অন্যদিকে তেমনি ভবিষ্যৎ প্রজন্মের জন্য সম্পদের পরিমান কমে যাচ্ছে। বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, জলাবদ্ধতা এবং নদী ভাঙ্গন, জোয়ারের প্লাবন, লবনাক্ততা বৃদ্ধি সহ অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় এ অঞ্চলের মানুষের জন্য প্রতি বছর ঝুঁকি বৃদ্ধি করছে। সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লোনা পানিতে চিংড়ী চাষ এবং জলাবদ্ধতা বিপদাপন্নতার প্রধান উৎস। উপকূলীয় বাঁধ জন্ম দিয়েছে জলাবদ্ধতার। এই বাঁধ কর্তৃক সৃষ্ট জলাবদ্ধতায় প্রত্যক্ষভাবে প্রায় ২০ লক্ষ মানুষ পানিবন্দী এবং পরোক্ষভাবে ৫০ লক্ষ লোক জলাবদ্ধতায় হুমকীর সম্মুখীন। গ্রামের পর গ্রাম জলাবদ্ধতায় আক্রান্ত হয়েছে, রাস্তা-ঘাট ডুবে গেছে, কৃষি জমি তলিয়ে গেছে, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে, পয়:নিষ্কাশন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে এবং সর্বোপরি বিশুদ্ধ পানির প্রকট সংকট দেখা দিয়েছে। এই সব ঝুঁকি যে শুধু সাময়িক বিপদাপন্নতা তৈরী করছে তা নয় বরং জীবন ও জীবিকাকে ক্ষতিগ্রস্থ করে প্রান্তিক মানুষকে চরম দারিদ্র্যের দিকে ঠেলে দিচ্ছে। উপকূলীয় অঞ্চলের মানুষের এই বিপদাপন্নতা এবং তাদের সক্ষমতা পর্যালোচনাই এই রিপোর্টটির উদ্দেশ্য।

1. Introduction

Satkhira and Bagerhat, two coastal districts of Bangladesh, have some unique characteristics. The region, which is a tidal wetland, is flooded by high tide twice a day. Its lush biodiversity offers a life sustaining system for a variety of organisms. Sundarbans, the world's largest mangrove forest, covering one million hectares in the delta of the Ganges, Brahmaputra and Meghna, is also situated here. Livelihoods of people depend on the natural resources which include suitable soil condition for cultivation of indigenous brackish water tolerant varieties of rice and perfect environment for fishing. Yet, the habitat is increasingly being destroyed by human activity and development projects. Excessive exploitation of resources for timber, fish, prawns, fodder along with conversion of paddy fields into shrimp farms are increasing vulnerabilities. The regulation of river flows by embankments for flood control has caused large reduction in freshwater inflow leading to higher salinity and changes in sedimentation. Due to the construction of the coastal embankment project, the coastal region in these two districts is virtually water logged since the 1980s. Furthermore, natural disasters such as cyclones, tidal surges, riverbank erosion and floods are quite frequent in this region. Whereas overflow of rivers during the monsoon causes flood, lack of flow in the dry seasons gives rise

to drought. Man made hazards are also frequent. Rise in salinity due to salt water shrimp farming coupled with water logging caused by the coastal embankment poses serious threats to the livelihoods of five million of people living in the southwest regions of Bangladesh. Villages get submerged,communications collapse, land and homesteads go under water making two million people homeless. Tube wells and latrines are flooded causing scarcity of safe drinking water and collapse in sanitation system, educational institutions get closed and health care becomes scarce. Livelihood and food security is theatened as access to water, sanitation, housing and income opportunities cannot be ensured. Increased salinity and waterlogging have resulted in reduced biodiversity, diminished crop production and dwindling fish populations, thereby posing a serious threat to poor people largely dependent on agriculture and fisheries as a source of livelihood. This report analyses the vulnerabilities that people in the southeast region face due to man made and natural disasters. Based on data on the impact of diasters, the report aims to portray a gender sensitive vulnerability and capacity assessment.

২. গবেষণা পদ্ধতি ঃ

সাতক্ষীরা এবং বাগেরহাট জেলার তালা ও মোড়েলগঞ্জ উপজেলায় এই গবেষণাটি পরিচালিত হয়। তালা উপজেলার অন্তর্গত চারটি ইউনিয়ন যথা-তেঁতুলিয়া, ইসলামকাঠি, তালা ও খলিলনগর। মোড়েলগঞ্জ উপজেলার দুইটি ইউনিয়ন যথা- মোড়েলগঞ্জ সদর এবং খাউলিয়া ইউনিয়নের বিভিন্ন গ্রামে জরিপটি সম্পন্ন হয়। কাঠামোবদ্ধ প্রশ্নপত্র ছাড়াও, ফোকাস গ্রুপ আলোচনার মাধ্যমে অধিকাংশ তথ্য সংগ্রহ করা হয়। মোট ৮৬ টি গ্রামের ৩,৬৪৮ জনের সাথে কথা বলে এই রিপোর্টটি তৈরী করা হয়।

2. The Research

The research was carried out in two thanas, Tala and Morelgonj of Satkhira and Bagerhat district respectively. Whereas four unions Tetulia, Islamkati, Tala and Khalilnagar were covered under Tala, only two unions Morelgonj sadar and Khaulia were brought under the study from Morelgonj. Altogether 3,648 respondents were interviewed in 86 villages and five unions. Data was collected using a structured questionnaire. Apart from that, focused group discussions, as well as, informal interviews were also carried out.

৩. তথ্যদাতাদের পরিচিতি ঃ

তথ্যদাতাগণ মূলত কৃষিজীবি এবং শ্রমজীবি । তাদের মধ্যে ৪৫% তথ্যদাতা ছিলেন পুরুষ এবং ৫৫% মহিলা। এছাড়াও এদের মধ্যে ১৭% শিশু এবং ৯% বয়স্ক ছিলেন। ২০জন প্রতিবন্ধী ব্যক্তিও তথ্যদাতাদের মধ্যে অন্তর্ভুক্ত ছিলেন।

টেবিল - ১: তথ্যদাতাদের পরিচিতি ঃ

উত্তরদাতা	*শতকরা হার*
পুরুষ	৩১%
মহিলা	৪৮%
শিশু	১২%
বৃদ্ধ	৯%
মোট	*১০০%*



3. Profile of the Respondents

The informants were poor day laborers and farmers. Around 45% of the respondents were males and 55% were females. Also regardless of gender, there were 17% children and 9% elderly among the informants. However, only 20 disabled people were found in the study area.

Table 1: Profile of the Respondents

Respondents	*Percentage*
Men	31%
Women	48%
Children	17%
Elderly	9%
Total	*100%*

৪. প্রেক্ষাপট ঃ

৪.১ ১৯৬০ সনের উপকূলীয় বাঁধপ্রকল্প (পোল্ডার ব্যবস্থা)

উপকূলীয় নিচু এলাকাসমূহকে লবণাক্ততা ও জ্বলোচ্ছ্বাসের হাত থেকে রক্ষা এবং উচ্চফলনশীল ধান চাষের জন্য উপযোগী পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ১৯৬০ এর দশকে উপকূলীয় অঞ্চলে বাঁধ নির্মীত হয়। প্রাথমিকভাবে সাময়িক সময়ের জন্য এই প্রকল্প সাফল্য এনে দিলেও পরবর্তীতে এটি ভয়াবহ ঝুঁকির জন্ম দেয় । ১৯৮০ সালের দিকে এই প্রকল্পের আওতাধীন দক্ষিণ-পশ্চিম উপকূলীয় এলাকা জলাবদ্ধ হয়ে পড়ে। জোয়ারের পানিতে ভেসে আসা পলি বাঁধের কারণে প্লাবন ভূমিতে প্রবেশের সুযোগ না থাকায় নদী বক্ষে জমা হতে থাকে। এভাবে ১২-১৫ বৎসরের মধ্যে নদীর বুক প্লাবন ভূমির থেকে উঁচু হয়ে পড়ে। সৃষ্টি হয় জলাবদ্ধতা। জলাবদ্ধতা ক্রমান্বয়ে বসতি এলাকায় প্রবেশ করে প্রতি বছর বন্যা ঘটাচ্ছে।

৪.২ নদীর গতিমুখ পরিবর্তন ঃ

গঙ্গা এবং মাথাভাঙ্গা নদীর গতিপথের পরিবর্তনের কারণে উপকূলীয় অঞ্চলে মিঠাপানির প্রাপ্যতা কমে গেছে। বর্তমানে সাতক্ষীরা এলাকা সারা বৎসর পদ্মার পানি থেকে বিচ্ছিন্ন এবং বাগেরহাট এলাকা শুকনো মৌসুমে বিচ্ছিন্ন হয়ে পড়ে। এর বিরূপ প্রভাব পড়েছে কৃষি এবং জীব বৈচিত্র্যের উপর। এছাড়া, জলবায়ুর পরিবর্তনের কারণে সমুদ্র পৃষ্টের উচ্চতা যত বাড়তে থাকবে, এই অঞ্চলে লবণাক্ত পানি ততই প্রবেশ করতে থাকবে। ক্রমশঃ লবণাক্ততা বৃদ্ধির ফলস্বরূপ কম লবণাক্ততা সহিষ্ণু গাছপালা বিলুপ্ত হয়ে যেতে থাকবে এবং অধিক লবণাক্ততা সহিষ্ণু গাছপালা বাড়তে থাকবে। ফলশ্রুতিতে এই অঞ্চলের ইকোসিস্টেম এবং প্রাকৃতিক পরিবেশে বিরাট পরিবর্তন সাধিত হবে।

৪.৩ অপরিকল্পিতভাবে ভূ-গর্ভস্থ পানি উত্তোলন ঃ

উপকূলীয় অঞ্চলে ভূ-গর্ভস্থ পানির স্তর ক্রমাগত নীচে নেমে যাচ্ছে। এই অঞ্চলের কৃষকগণ মূলতঃ বোরো ধান চাষ করেন। বোরো ধান চাষের জন্য প্রয়োজন পর্যাপ্ত পানির সেচ ব্যবস্থা। যার ফলে, প্রতিনিয়ত প্রচুর পরিমাণ ভূগর্ভস্থ পানি সেচের জন্য উত্তোলন করা হচ্ছে। উপরন্তু, এই অঞ্চলের মাটির প্রকৃতির কারণে বৃষ্টির পানি সহজে ভূ গর্ভে প্রবেশ করতে পারে না। মোটা কণাযুক্ত বালু মাটি ভূ-ত্বকের পানি শোষণ করে পানির স্তর পূরণ করে থাকে। কিন্তু সূক্ষ কণা বিশিষ্ট কাদা মাটির উপস্থিতির জন্য উপকূলীয় অঞ্চলে পানি মাটির গভীরে প্রবেশ করতে পারে না। এছাড়াও আর্সেনিকের উপস্থিতির কারণে নলকূপগুলিও ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। ফলে বিশুদ্ধ পানি সংগ্রহের জন্য মানুষকে এখন দূর-দূরান্তে পাড়ি দিতে হয়। এছাড়াও পুকুরের পানি এবং বৃষ্টির পানি সংগ্রহ করে মানুষকে তাদের চাহিদা মেটাতে হচ্ছে।

৪.৪ জলবায়ুর পরিবর্তন ঃ

জলবায়ুর পরিবর্তন উপকূলীয় অঞ্চলের জন্য অন্যতম প্রধান ঝুঁকি। বিশেষজ্ঞরা মনে করছেন জলবায়ু পরিবর্তন জনিত কারনে বাংলাদেশের দক্ষিন-পশ্চিম অঞ্চল সব থেকে বেশী ক্ষতিগ্রস্থ হবে। ইতিমধ্যে এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা দৃশ্যমান হয়ে উঠেছে। আইলা, সিডর এর মত ঘটনা এখন নিয়মিত হবার উপক্রম হয়েছে। সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে জোয়ার দ্বারা অধিক এলাকা প্লাবিত হচ্ছে, লবনাক্ততার সম্প্রসারণ ঘটছে, জলাদ্ধতার তীব্রতা বৃদ্ধি পাচ্ছে। এলাকায় তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে, যার প্রভাব কৃষি উৎপাদনে দেখা দিয়েছে। এছাড়া মানুষের বিভিন্ন রোগ ব্যাধিতে আক্রান্ত হওয়ার নমুনা দেখা দিচ্ছে।

4. Disasters and Hazards: the context

4.1. The Coastal Embankment of the 1960s

With an aim to protect low lying coastal area from inundation, the Coastal Embankment Project was built in the 60s. The project, which was funded by multiple donor agencies, provided suitable conditions for cultivating High Yielding Varieties (HYV) resulting in bumper production in the early stages. However, in the long run, it gave rise to severe environmental hazards such as loss in biodiversity, depletion of fish stock and water logging. It was

only in the 80s that serious threats cropped up because of water logging caused by the embankment. Tidal water, which could no longer enter into the plain land due to the embankment, started depositing silt at the upper ends of the estuary. As a result, riverbeds began rising. The area within the polders however, retained its initial depth. Gradually, silting up of the rivers made the exit point of the sluice gates blocked, thereby making the entire area of 106,000 hectares waterlogged. The consequence was devastating. Reduction in the depth of the estuaries arising out of construction of the embankment resulted in salinity increase caused by capillary action. Fertility of land declined, villages were inundated, communication systems broke down, educational institutions got damaged, safe drinking water became scarce and people lost livelihood options in terms of loss of employment opportunities in farming, fishing and cattle rearing.

4.2. Changes in the itinerary of rivers

Changes in the courses of two rivers, the Ganges and the Mathavanga, reduced availability of sweet water in the south west. As a result, agriculture as a whole was affected. Alteration in biodiversity also took place. Whereas high saline tolerant species are expanding, low saline tolerant ones are gradually disappearing. The scarcity of fresh water is likely to be further aggravated as saline water continues to intrude deep into the coastal belt owing to the rise in sea level due to climate change.

4.3. Excessive use of groundwater in an unplanned way

Cultivation of boro rice, which requires intensive irrigation, has led to increased groundwater extraction. Consequently water level under ground is receding. Due to the clay type character of the soil in the coastal basin, underground water reservoir is hardly replenished by rain water. Chunky layers of coarse sand particles required for replenishment is absent in this lower end of the delta. People in different parts of Satkhira and Bagerhat, now resort to alternative sources such as ponds and rain water harvest. Tube wells in this region, being contaminated by arsenic add further to their vulnerability as people often have to travel five kilometers on an average to fetch safe drinking water.

4.4. Climate Change

Climate change is another source of threat for the people in the coastal area. Due to climate change, frequency of natural disasters has increased, ground water resources have become volatile and salinity has seeped deep into the ground. As sea level rises, there is every possibility that the coastal zone including Khulna and Bagerhat will go under water.

৫. ঝুঁকি সংক্রান্ত নীতিমালা ঃ

জাতীয় পানি নীতিতে পানি দূষণ, লবণাক্ততা বৃদ্ধি এবং প্রাকৃতিক জলাশয়গুলির ক্রম বিলুপ্তির প্রতি গুরুত্বারোপ করা হয়েছে। কিন্তু, উপকূলীয় অঞ্চলের লবণাক্ততার দীর্ঘমেয়াদী কোন সমাধানের দিক নির্দেশনা পানি সংক্রান্ত নীতিগুলিতে নেই। এছাড়া দূর্যোগজনিত ঝুঁকিতে নারীরা বেশী ক্ষতিগ্রস্থ হলেও তাদের সহায়তার জন্য বিশেষ কোন প্রকল্প গ্রহণ করা হয়নি। প্রাকৃতিক বিপর্যয়ের সময় নারীরা বিভিন্নভাবে বিপদাপন্ন হয়ে থাকে, নারীর প্রতি সহিংসতা বৃদ্ধি পায়, তাদের সামাজিক নিরাপত্তা হুমকির মুখে পড়ে এবং আশ্রয় ও অন্যান্য সহযোগিতা সেবার অভাবে পুরুষের তুলনায় নারীদের ঝুঁকি ব্যাপকমাত্রায় বৃদ্ধি পায়। এজন্য নারীবান্ধব নীতি প্রণয়ন একান্ত প্রয়োজন।

5. The Policies

The National Water Policy identifies the need of addressing chemical and organic pollution of water sources. It also recognizes the necessity of reducing salinity and preserving water from natural sources. In doing so, there has been added emphasis on protecting lakes, ponds, wetlands, canals and reservoirs. However, neither the National Water Policy, nor the National Water Management Plan has paid attention to a permanent solution to the problem of salinity in the coastal region. Furthermore, identification of needs of women as the most vulnerable group during disaster emergencies is yet to be addressed in the policy guidelines.

Issues related with violence against women during hazards, lack of women's services such as critical care facilities and safe shelter houses have to be brought under a stronger policy support.



৬. বিপদাপন্নতা পর্যালোচনা ঃ

ঝুঁকি থেকে নিজেকে বাঁচানোর ক্ষমতা যত কমতে থাকে, বিপদাপন্নতা ততই বৃদ্ধি পেতে থাকে। বিপদাপন্নতা দারিদ্রতা, প্রান্তিকতা, নিরাপত্তাহীনতা এমনকি ক্ষমতাহীনতা থেকেও জন্ম নিতে পারে। প্রাকৃতিক বিপর্যয় এবং সেই সাথে অবকাঠামোগত সুযোগ সুবিধার অভাব বিপদাপন্নতাকে আরো বাড়িয়ে তোলে। দূর্যোগ ব্যবস্থাপনা এবং সতর্কীকরণ ব্যবস্থার স্বল্পতা, সহযোগিতা সেবার অপ্রতুলতা, জীবিকা নির্বাহের সুযোগ সমূহের ক্রম বিলুপ্তি, সম্পদের অসম বন্টন এবং সর্বোপরি সরকারের পক্ষ থেকে সঠিক নীতি নির্দেশনা এবং প্রকল্প সহায়তার অভাব উপকূলীয় অঞ্চলের মানুষের ঝুঁকি এবং বিপদাপন্নতা দুইই ক্রমাগত বাড়িয়ে চলেছে।

ফিগার ১ ঃ বিপদাপন্নতা

6. Vulnerability Analysis

Vulnerability, which refers to diminished capacity in coping with hazards, is most often associated with poverty, but it can also arise when people are isolated, insecure and defenseless in the face of risk, shock or stress. The overlapping consequences of a series of catastrophic events and interlocking systems of physical and structural factors such as geographic location, lack of access to infrastructure, information and social capital plays a vital role in creating vulnerabilities. In this study, loss of livelihood assets due to natural disasters, displacement, and landlessness, lack of work opportunities and government support as well as insecurity have been identified as potential sources of vulnerability.

Figure 1: Vulnerability (Indicator)

৭ উপকুলীয় এলাকার বিপদাপন্নতাঃ

৭.১ প্রাকৃতিক দূর্যোগ সম্পর্কিত বিপদাপন্নতাঃ

৭.১.১. জলাবদ্ধতা ঃ

তথ্যদাতারা সকলেই জলাবদ্ধতাকে তাদের প্রধান বিপদাপন্নতা বলে চিহ্নিত করেছেন। জলাবদ্ধতার কারণে উৎপাদন ব্যবস্থা ভেঙ্গে পড়ে, যোগাযোগ ব্যবস্থা বিছিন্ন হয়ে পড়ে, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ভেঙ্গে পড়ে, শিক্ষা প্রতিষ্ঠানগুলি বন্ধ হয়ে পড়ে, চিকিৎসা সেবা অনিশ্চিত হয়ে পড়ে, বিশুদ্ধ খাবার পানির সংকট দেখা দেয় সর্বোপরি বসতি এলাকা বসবাসের অনুপযোগী হয়ে পড়ে। এসব ঝুঁকির কারণে সব থেকে বেশী ক্ষতিগ্রস্থ হয় মহিলা, শিশু, বৃদ্ধ এবং প্রতিবন্ধীগণ। দুর্যোগকালীন সময়ে নারী এবং শিশুর প্রতি সহিংসতার সম্ভাবনা বেড়ে যায়। পানিতে ডুবে শিশু মৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্য হারে বাড়ে এবং অপুষ্টি ও রোগ ভোগের কারণে প্রসুতি ও নবজাতকের স্বাস্থ্য মারাত্নক হুমকির মধ্যে পড়ে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাবার কারণে শিশুদের শিক্ষা বন্ধ হয়ে যায়। এছাড়াও আশ্রয়কেন্দ্রের অভাবে মানুষকে আশ্রয় নিতে হয় রাস্তায়, যা কিনা নিরাপত্তা এবং স্বাভাবিক জীবনযাত্রা টিকিয়ে রাখার প্রতি অনেক বড় বাধা।

৭.১.২. পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ডুবে যাওয়া ঃ

প্রাকৃতিক দূর্যোগ এবং জলাবদ্ধতার কারণে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ভেঙ্গে পড়ে। পানিতে ডুবে যাবার কারণে শৌচাগার থেকে রোগজীবাণু আশে পাশের পরিবেশে ছড়িয়ে পড়ে। ফলশ্রুতিতে ডায়রিয়া সহ অন্যান্য পানিবাহিত রোগের প্রাদূর্ভাব দেখা দেয়।

টেবিল - ২ : দূর্যোগজনিত বিপদাপন্নতা ঃ

	কারণ	শতকরা হার
দূর্যোগজনিত বিপদাপন্নতা	পর্যাপ্ত সেবার অভাব	১০০%
	পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ভেঙ্গেপড়া	*****
	জলাবদ্ধতা	****
	মোট	১০০%

৭.২. অবকাঠামোর ব্যবস্থার স্বল্পতাজনিত বিপদাপন্নতা ঃ

৭.২.১. অপর্যাপ্ত সেবা ঃ

অবকাঠামোজনিত সুবিধার স্বল্পতাকে ৪৮% তথ্যদাতা ঝুঁকি সৃষ্টির অন্যতম কারন বলে চিহ্নিত করেছেন। পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ না করা, স্বাস্থ্য সেবার স্বল্পতা, বিদ্যুৎ ব্যবস্থার প্রসারের অভাব, স্থানীয় জনপ্রশাসনের অসহযোগিতা, কৃষি এবং পশুসম্পদ সংক্রান্ত সেবার অপ্রতুলতা এমনকি পেশাজীবি শ্রেনী যেমন, কাঠমিস্ত্রি ও মেকানিকের অভাব দূর্যোগকালীন ঝুঁকি থেকে উত্তরণ ক্রমাগত বাধাগ্রস্থ করে। অবকাঠামোগত সেবাগুলির মধ্যে বিশুদ্ধ খাবার পানির সরবরাহ ব্যবস্থার অপ্রতুলতাকে তথ্যদাতাগন প্রধানতম ঝুঁকি বলে চিহ্নিত করেছেন। এছাড়া পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ভেঙ্গে পড়া এবং যোগাযোগ বিছিন্নতাকে দ্বিতীয় মাত্রার ঝুঁকিতে অন্তর্ভুক্ত করেছেন তথ্যদাতাগন। আর্সেনিক বিষক্রিয়া ও পানিতে লবণাক্ততা বৃদ্ধির কারণে বিশুদ্ধ পানির সন্ধানে মহিলাদের দূর-দূরান্তে ছুটে চলতে হচ্ছে । বর্ষাকালে যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়ায় পানি সংগ্রহ আরো কঠিন হয়ে পড়ে।

৭.২.২. দূর্যোগকালীন সতর্কীকরন ব্যবস্থা এবং দুর্যোগ ব্যবস্থাপনার স্বল্পতা ঃ

সতর্কীকরন ব্যবস্থার অভাবের কারণে দুর্যোগকালীন ঝুঁকি বহুগুণ বেড়ে যায় বলে মন্তব্য করেছেন ৫২% উত্তরদাতা। এছাড়া দূর্যোগউত্তর কালীন ব্যবস্থাপনার অপ্রতুলতা দুর্যোগের ঝুঁকিকে দীর্ঘস্থায়ী করে তোলে। এক্ষেত্রে, স্থানীয় সরকার এবং প্রশাসনের যথাযথ উদ্যোগের প্রয়োজন আছে বলে তথ্যদাতাগণ মনে করেন।

টেবিল - ৩: অবকাঠামোগত কারণজনিত বিপদাপন্নতা ঃ

	কারণ	শতকরা হার
অবকাঠামোগত কারণজনিত বিপদাপন্নতা	সেবার স্বল্পতা	৪৮%
	স্বাস্থ্য ব্যবস্থা	*
	শিক্ষা	*
	ইউনিয়ন পরিষদ	*
	এলজিইডি	*
	পানি উন্নয়ন বোর্ড	*
	কৃষি অফিস	*
	পশু সম্পদ অফিস	*
	উন্নয়ন কর্মী	*
	মিস্ত্রী	*
	যোগাযোগ বিচ্ছিন্নতা	***
	আশ্রয়ের অভাব	*
	স্যানিটেশনের অভাব	**
